হে আল্লাহ! অমুকের পুত্র অমুক আপনার দায়িত্বে ও আপনার প্রতিবেশিত্বের নিরাপত্তায়। অতএব, তাকে আাপনি কবরের পরীক্ষা ও জাহান্নামের আযাব থেকে রক্ষা করুন। আপনি প্রতিশ্রুতি পালনকারী ও প্রশংসার পাত্র। হে আল্লাহ আপনি তাকে মাফ করুন ও তার প্রতি দয়া করুন। নিঃসন্দেহে আপনি মহাক্ষমাশীল অতি দয়াবান।

ওয়াসেলাহ ইবনুল আসকা‘ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত: “রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে মুসলিমদের এক ব্যক্তির ওপর জানাযার
সালাত পড়লেন। তখন আমি তাঁকে বলতে শুনেছি: “হে আল্লাহ! অমুকের পুত্র অমুক আপনার
দায়িত্বে ও আপনার প্রতিবেশিত্বের নিরাপত্তায়। অতএব, তাকে আাপনি কবরের পরীক্ষা ও জাহান্নামের আযাব থেকে রক্ষা করুন। আপনি প্রতিশ্রুতি পালনকারী ও প্রশংসার পাত্র।
হে আল্লাহ আপনি তাকে মাফ করুন ও তার প্রতি দয়া করুন। নিঃসন্দেহে আপনি মহাক্ষমাশীল
অতি দয়াবান।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

একজন মুসলিমের ওপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানাযার সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, যার অর্থ: হে আল্লাহ! নিশ্চয় অমুকের পুত্র অমুক আপনার নিরাপত্তায়, হিফাযতে ও ক্ষমা ভিক্ষায়। অতএব, কবরের পরীক্ষার প্রশ্নের সময় তাকে অবিচল রাখুন এবং তাকে জাহান্নামের আযাব থেকে রক্ষা করুন। কারণ, আপনি প্রতিশ্রুতি ভঙ্গ করেন না। আপনি হকের অধিপতি। সুতরাং হে আল্লাহ আপনি তাকে মাফ করুন ও তার প্রতি দয়া করুন। নিঃসন্দেহে আপনি অধিক হারে গুনাহ ক্ষমাকারী এবং আনুগত্য কবুল করা ও নেক কাজ বহুগুণ বর্ধিত করার মাধ্যমে অধিক দয়াকারী।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5022